

বসন্তে রচিত কবিতা

এরকমই

টো ক ন ঠা কু র

যাব না, যাব না!
যাব না বলেও কতবার গেলাম!
যতবার গ্রিন রোড
তিনগুণ-ততবার ড্রিম রোড গেলাম!

দেখব না, দেখব না!
বললাম, দেখতে চাই না!
কিন্তু চোখ আজন্ম-ধার্মিক, সে তার ধর্মে বিচ্যুত হয় না!

ভাবলাম, রাখব না! কিছুই রাখব না!
কোনও লিপি রাখব না, কারো মুখাকৃতি রাখব না!
এক একাসভামুহূর্তে, ছিঁড়েছুড়ে সব ফেলেও দিলাম জানলা দিয়ে
যারা যোগ দিয়েছিল বসন্তদিনের পাতাদের দলে
যদিও পড়ার ক্ষমতায় দেখার ক্ষমতায়
আমার দু চোখ সাক্ষীই রয়ে গেছে

পাব না পাব না বলেও আমি
কত কী পেলাম!
পৈত্রিক পরিতাপ, বাল্যকাল জুড়ে ব্লাকবোর্ড-চক-শিক্ষক...
বয়েসি-জোয়ার কিংবা প্রত্যাখ্যান করে চলে যাওয়া পথের কৌলিন্য

পেলাম
প্রচণ্ড ঝড়ের মুখে কী রোমাঞ্চকর, সিম্বলিক এক
খড়পত্নী জীবন
মৌমাছিদের উৎপাদন-ব্যবস্থায় নিহিত মুগ্ধতাও পেলাম

লিখব না, লিখব না!
লিখব না বলেও শেষরাতে শুয়েশুয়ে কতবার লিখলাম
নার্স! আমি ঘুমোইনি...